গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

নং-৪১.০০.০০০০.০৩৪.০১.০২৫.১৫-৭৪৭

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্যপদসমূহ অস্থায়ীভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নাম, পদসংখ্যা, বেতনস্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা নিম্নরূপ:

| ক্রমিক নম্বর | পদনাম ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন /পারবেন না |
|---|---|---|---|---|
| ১. | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ০৭ টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয়/থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) সাঁটলিপি: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি: ৭০ শব্দ,বাংলা: ৪৫ শব্দ<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি: ৩০ শব্দ,বাংলা: ২৫ শব্দ | নারায়নগঞ্জ, গোপালগঞ্জ, টাংগাইল, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, মেহেরপুর, সিরাজগঞ্জ, বরিশাল, সুনামগঞ্জ জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন না। **অন্যান্য সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন।**<br>• মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র/কন্যা **বরিশাল, গোপালগঞ্জ জেলা** ব্যতীত **অন্যান্য সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন।**<br>• প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ০৪ টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)। বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ২ বছর চাকরির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।<br>খ) কম্পিউটার অপারেটর অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। | |
| ৩. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ০২ টি | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষর: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি : ২০ শব্দ, বাংলা: ২০ শব্দ | |
| ৪. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ১২ টি | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | ঢাকা, নরসিংদী, ফরিদপুর, টাংগাইল, নেত্রকোনা, ময়মনসিংহ, চট্টগ্রাম, নোয়াখালী, যশোর, খুলনা, হবিগঞ্জ, দিনাজপুর, পঞ্চগড় জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন না। **অন্যান্য সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন।**<br>• মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র/কন্যা **খুলনা, দিনাজপুর ও পঞ্চগড়** জেলা ব্যতীত **অন্যান্য সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন।**<br>• প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী :**

১. আবেদনকারীকে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.msw.gov.bd) হতে ডাউনলোড করে উক্ত নির্ধারিত ফরম এবং প্রবেশপত্র পাওয়া যাবে ( ফটোকপি গ্রহণযোগ্য )।

২. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সংযুক্তি দাখিল করতে হবে :

(ক) পরীক্ষার ফি বাবদ ১ হতে ৩ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৪ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার (অফেরতযোগ্য) ট্রেজারি চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কোড নম্বর **১-২৯০১-০০০১-২০৩১** উল্লেখপূর্বক আবেদন পত্রের সাথে চালানের মূল রশিদ জমা দিতে হবে।

(খ) আবেদনপত্রের নির্ধারিত অংশে সদ্য তোলা রঙ্গিন ০২ (দুই) কপি ছবি ০১ কপি আঠা দিয়ে, ০১টি স্টাপলার দিয়ে সংযুক্ত করতে হবে এবং প্রদত্ত প্রবেশপত্রের নমুনা যথাযথভাবে পূরণপূর্বক প্রবেশপত্রের (২কপি) নির্ধারিত অংশে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

৩. মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক এবং সকল প্রকার প্রশিক্ষণের সনদপত্র।

(খ) (প্রযোজ্য ক্ষেত্রে) (i) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র (ii) এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের মূলকপি।

৪. খামের উপরের ডান পার্শ্বে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র আগামী **২৭/১০/২০১৬** খ্রিঃ তারিখের অফিস সময়ের মধ্যে ডাকযোগে উপসচিব (প্রশাসন-১) ও সদস্য সচিব, নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটি, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় পৌঁছাতে হবে ।

৫. নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য, খামের উপর পদের নাম বড় করে লিখে দিতে হবে। প্রবেশপত্র প্রেরণের জন্য ঠিকানা সম্বলিত এবং যথাযথ ডাকটিকেট সংযুক্ত একটি খামও সঙ্গে দিতে হবে।

৬. ০১/০৯/২০১৬ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। ০১-৩ নম্বর ক্রমিক বর্ণিত পদসমূহের বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ এবং অন্যান্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণে এসএসসি/সমমানের সনদ বিবেচনা করা হবে। এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭. কোন পদের জন্য প্রযোজ্য সর্বনিম্ন যোগ্যতা অপেক্ষা উচ্চতর শিক্ষাগত যোগ্যতার অধিকারী হলে অথবা উচ্চতর ডিগ্রি অর্জন করলে তাকে আবেদনপত্রে তার অর্জিত উচ্চতর শিক্ষাগত যোগ্যতার কথা উল্লেখ করতে হবে।

৮. চাকরিরত/বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

১০. কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১১. কোন ধরণের তদবির/সুপারিশ/ভুল তথ্য অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১৩. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. উপরে উল্লেখ করা হয়নি এরূপক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৫. লিখিত/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

Rahman
২৫/০৭/১৬

(মোঃ লুৎফর রহমান)
উপসচিব (প্রশাসন-১)
ও
সদস্য সচিব
নিয়োগ সংক্রান্ত বিভাগীয় কমিটি
সমাজকল্যাণ মন্ত্রণালয়।
ফোন- ৯৫১৪০৯৩
Email:dsadmin1@msw.gov.bd

০১ কপি ছবি
আঠা দিয়ে
লাগাতে হবে

# চাকরির আবেদন ফরম

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর ঃ | | তারিখঃ | |
| ৩. | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে)ঃ | | |
| ৪. | জাতীয়পরিচয় নম্বরঃ | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | | |
| ৫. | জন্ম তারিখ ঃ | | ৬. জন্মস্থান (জেলা) ঃ | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম ঃ | | | |
| ৯. | পিতার নাম ঃ | | | |
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড ঃ | | | |
| | ডাকঘর ঃ | | | |
| | পোষ্ট কোড নম্বর ঃ | | | |
| | উপজেলা ঃ | | | |
| | জেলা ঃ | | | |
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল (যদি থাকে) ঃ | |
| ১২. | জাতীয়তাঃ | | ১৩. | জেন্ডার ঃ |
| ১৪. | ধর্মঃ | | ১৫. | পেশা ঃ |

**১৬. শিক্ষাগত যোগ্যতাঃ**

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেনী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯. | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন)ঃ |
| ২০. | চালান নম্বর ঃ | | তারিখ ঃ | |
| | ব্যাংক ও শাখার নাম ঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিক হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ ঃ

প্রার্থীর স্বাক্ষর